

২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-11

(সাহিত্যের রূপ ও রীতি)

পূর্ণমান - ৬৫

প্রাস্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মহাকাব্য বলতে তুমি কী বোঝো? সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ৩+৭
অথবা,
(খ) অ্যাবসার্ড নাটক উদ্ভবের পটভূমি সংক্ষেপে বর্ণনা করে এ-জাতীয় নাটকের সাধারণ লক্ষণগুলির পরিচয় দাও। ৪+৬
- ২। (ক) আঞ্চলিক উপন্যাসে আঞ্চলিকতার উপাদানগুলি কীভাবে ব্যবহৃত হতে পারে তা বুঝিয়ে দাও। ১০
অথবা,
(খ) সাহিত্য-সংরূপ হিসাবে উপন্যাস ও ছোটগল্পের একটি তুলনামূলক আলোচনা করো। ১০
- ৩। (ক) উপযুক্ত দৃষ্টান্তসহযোগে পত্রসাহিত্যের লক্ষণগুলির পরিচয় দাও। ১০
অথবা,
(খ) বস্তুনিষ্ঠ ও ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধরীতির পার্থক্য বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ১০
- ৪। (ক) বিষয়গত দিক থেকে কবিগানের বিভিন্ন পর্যায়গুলি উল্লেখ করো। ৫
অথবা,
(খ) ট্রাজেডির সাধারণ বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- ৫। (ক) ইতিহাস-আশ্রয়ী উপন্যাস ও খাঁটি ঐতিহাসিক উপন্যাসের মধ্যে পার্থক্য কোথায় বলে তুমি মনে করো? ৫
অথবা,
(খ) অণুগল্প সম্পর্কে তোমার ধারণা সংক্ষেপে লেখো। ৫
- ৬। (ক) জীবনকাহিনি কখন সাহিত্য হয়ে ওঠে তা একটি উদাহরণসহযোগে বুঝিয়ে দাও। ৫
অথবা,
(খ) ভ্রমণকাহিনি কখন সাহিত্য হয়? —একটি উদাহরণসহ বোঝাও। ৫

Please Turn Over

৭। সংক্ষেপে আলোচনা করো (যে-কোনো একটি)।

৫×১

- (ক) শেক্সপীয়রীয় সনেটের গঠনশৈলী
- (খ) মৌখিক সাহিত্য রূপে রূপকথা
- (গ) সমালোচনা সাহিত্য।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

- (ক) 'হাইকু' কাব্যরূপের উদ্ভব ঘটেছিল কোন দেশে?
- (খ) বাংলা ভাষায় রচিত একটি নৃত্যনাট্যের নাম লেখো।
- (গ) চেতনাপ্রবাহ রীতির উপন্যাসের একটি উদাহরণ দাও।
- (ঘ) বাংলা ভাষায় লেখা প্রথম জীবনীসাহিত্য কোনটি?
- (ঙ) একটি বাংলা রম্যরচনা গ্রন্থের নাম লেখো।
- (চ) 'পালামো' কোন সাহিত্য-সংক্রমের দৃষ্টান্ত?
- (ছ) বাংলা ভাষায় লেখা প্রথম ঐতিহাসিক ট্র্যাজেডি কোনটি?
- (জ) লিমেরিকের অন্ত্যমিলের বিন্যাসটি উল্লেখ করো।
- (ঝ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি রোমান্সধর্মী উপন্যাসের নাম লেখো।
- (ঞ) ছোটগল্পের উদ্দেশ্য ও রচনারীতির সঙ্গে তুলনীয় নাট্য-সংক্রম কোনটি?
- (ট) উপন্যাসের প্রধান পাঁচটি উপাদানের নাম উল্লেখ করো।
- (ঠ) বাংলা ভাষায় প্রথম সনেট রচয়িতার নাম লেখো।
- (ড) লেখকের নামোল্লেখসহ একটি স্মৃতিকথাধর্মী রচনার নাম লেখো।
- (ঢ) 'জনা' নাটকটি কোন ধরনের নাটক?
- (ণ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি সমালোচনা সাহিত্যের নাম লেখো।